গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০৩১.০১৯.০০.০০.০৩৩.২০১০-৮৫৭

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ মহিউদ্দিন শামীম, প্রাক্তন ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে (০১/০৬/১৯৯৪ খ্রিঃ তারিখে সাঁট-লিপিকার পদে যোগদান করেন) কর্মরত থাকাকালীন বিনা অনুমতিতে এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে না জানিয়ে দীর্ঘদিন অননুমোদিতভাবে অফিসে অনুপস্থিত থাকার অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং বিভাগীয় মামলায় ০৫/০৪/২০১২ তারিখের ৪৭.০৩১.০১৯.০০.০০.০৩৩.২০১০-৪৯৬ নং স্মারকে তাঁকে চাকরি হতে "বাধ্যতামূলক অবসরদান (Compulsory retirement)" সূচক গুরুদন্ড প্রদান করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বাধ্যতামূলক অবসর আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি. ৯৫/২০১২ নং মামলা দায়ের করেন। উক্ত মামলা দো-তরফাভাবে পূর্ণশুনানী অন্তে বিগত ০৪/০২/২০১৫ তারিখে রায় প্রদান করেন এবং উক্ত রায়ে তাঁকে ০৫/০৪/২০১২ তারিখের শাস্তির আদেশের পরিবর্তে ০৩ (তিন) বছরের জন্য নিম্নতম টাইম স্কেলে হ্রাস করা, তাঁর অনুপস্থিতকালীন সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি এবং তাঁকে বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদিসহ চাকুরীতে তাঁর পদে পুনর্বহালের আদেশ প্রদান করা হয়;

যেহেতু এ.টি. ৯৫/২০১২ নং মামলার রায়ের বিরুদ্ধে সরকার প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে এ.এ.টি মামলা নং-২১৬/২০১৫ দায়ের করেন। অপরদিকে, বাদীপক্ষও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে এ.এ.টি মামলা নং-১৯৮/২০১৫ দায়ের করেন। উক্ত আপীল মামলা দো-তরফাভাবে শুনানী অন্তে গত ০৯/০১/২০১৭ তারিখে সরকার পক্ষের আপীল নং-২১৬/২০১৫ খারিজ হয়ে যায় এবং একই সাথে বাদী পক্ষের আপীল নং-১৯৮/২০১৫ এর রায়ে ০৫/০৪/২০১২ তারিখের শাস্তির আদেশ বে-আইনী ও বাতিল ঘোষণা করতঃ চাকরিতে পুনর্বহালসহ চাকরিকাল হিসেবে গণ্য করা, তাঁর অনুপস্থিতকালীন সময়কাল ০১/০১/২০১১ হতে ২৬/০২/২০১১ এবং ২৭/০২/২০১১ হতে ১৩/০৪/২০১১ পর্যন্ত সময়কালকে গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর, বকেয়া বেতন ভাতাদিসহ বিধি মোতাবেক প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদির আদেশ প্রদান করা হয়;

যেহেতু পরবর্তীতে বিজ্ঞ প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালের মামলার আদেশের বিরুদ্ধে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন, ও বিচার বিভাগের সলিসিটর উইং এটি/এএটি শাখা হতে গত ০৩/১০/২০১৭ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১৩৬.৫০.০১৯/১৭(সুপ্রীম)-৭৫২ মূলে লীভ-টু-আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং পুনরায় বিজ্ঞ প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালের মামলার আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের প্রস্তাব প্রেরণ করা হলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন, ও বিচার বিভাগের সলিসিটর উইং এটি/এএটি শাখা হতে গত ০৮/০৪/২০১৮ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১৩৬.৫০.০১৯/১৭(বিবিধ)-২৩৪ মূলে লীভ-টু-আপীল দায়ের না করার পুনঃসিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের ১৯৮/২০১৫ নং মামলার ০৯/০১/২০১৭ তারিখের আদেশ-এর ভিত্তিতে জনাব মোঃ মহিউদ্দিন শামীম, ব্যক্তিগত কর্মকর্তা (বাধ্যতামূলক অবসর), মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার ০৫/০৪/২০১২ তারিখের ৪৭.০৩১.০১৯.০০.০০.০৩৩.২০১০-৪৯৬ নং শাস্তির আদেশ বাতিলপূর্বক উক্ত তারিখ হতে জনাব মোঃ মহিউদ্দিন শামীম-কে চাকরিতে পুনর্বহাল করা হলো। তাঁর অনুপস্থিতকালীন ০১/০১/২০১১ হতে ২৬/০২/২০১১ এবং ২৭/০২/২০১১ হতে ১৩/০৪/২০১১ পর্যন্ত সময়কালকে গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো। তিনি বিধি মোতাবেক সকল বকেয়া বেতন, ভাতাদি এবং অন্যান্য প্রাপ্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯/০৫/১৮

(এস.এম.গোলাম ফারুক)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্মারক নং-৪৭.০৩১.০১৯.০০.০০.০৩৩.২০১০- ৮৫৭/২(১৪)

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ
১৩০ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৫। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৭। উপ-সচিব (নিরাপত্তা অধিশাখা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(জনাব মোঃ মহিউদ্দিন শামীম, ব্যক্তিগত কর্মকর্তা-এর নামে সচিবালয়ে প্রবেশের স্থায়ী প্রবেশপত্র ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। জনাব মোঃ মহিউদ্দিন শামীম, ব্যক্তিগত কর্মকর্তা (বাধ্যতামূলক অবসর), ৪৬১, দক্ষিণ মনিপুর, মিরপুর, ঢাকা।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। উপ-সচিব (প্রঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

৩০/০৫/২০১৮

(খন্দকার নূরুল হক)
উপ-সচিব